উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার ঃ—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে

দি
## ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ
স্থাপিত ১৯২৮

হেড অফিস ঃ—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন

জঙ্গীপুর শাখার
এজেণ্ট ঃ— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর ঃ— পি, কে, গুহ।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—○•○—


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মুল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৵৹ এক আনা। বাৎসরিক মুল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২রা মাঘ বুধবার ১৩৫২ ইংরাজী 16th Jan. 1946 { ৩৩শ সংখ্যা



এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন ঃ—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৶৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙ্গো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙ্গো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

## হিন্দুস্থান কো-অপারেটিভ্
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা মাঘ বুধবার সন ১৩৫২ সাল

## আমাদের নিবেদন

প্রেসের কর্ম্মচারিগণের অসুখের জন্য গত ২৫শে পৌষ তারিখের "জঙ্গিপুর সংবাদ" বাহির করিতে পারি নাই। ত্রুটি মার্জ্জনা করিবেন।

## ম্যালেরিয়ার উন্নততর ঔষধ

নিউইয়র্কের সায়েন্টিফিক রিসার্চ্চ এণ্ড ডেভেলপমেণ্টের কার্য্যালয় হইতে জানান হইয়াছে, কুইনাইন ও এটেব্রিন এই উভয় ঔষধটির অপেক্ষা উৎকৃষ্ট এক প্রকার কৃত্রিম ভেষজ উদ্ভাবিত হইয়াছে। ইহার নাম "এস-এন—৭৬১৮" অন্যবিধ রাসায়নিক উপাদানের সহিত অ্যাটেব্রিনের অণুর অংশকে সংযুক্ত করিয়া এই নূতন ঔষধ প্রস্তুত হইয়াছে।

কুইনাইন বা এ্যাটেব্রিনের যে সময় লাগে তাহার এক তৃতীয়াংশ সময়ের মধ্যেই এই নূতন ঔষধের প্রয়োগ দ্বারা ম্যালেরিয়ার তীব্র আক্রমণ বন্ধ করা যায়। ইহা প্রত্যহ না খাইয়া সপ্তাহে একবার খাইলেও চলিবে।

অধিকন্তু ইহার ব্যবহারে এটব্রিনের ন্যায় চামড়ার উপর দাগ দেয় না, কুইনাইনের মত কাণের মধ্যে বোঁ বোঁ আওয়াজ হয় না এবং রোগীর বিবমিষাকও উদ্রেক করেনা।

## মুক্তিলাভ

ভারতীয় জাতীয় বাহিনীর সৈনিক ক্যাপ্‌টেন শা' নওয়াজ, ক্যাপ্‌টেন সেগল ও ক্যাপ্‌টেন ধীলন মুক্তিলাভ করিয়াছেন।

প্রথম সামরিক আদালত রাজার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার অভিযোগে তাঁহাদিগকে যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করিয়াছিলেন। ভারতের প্রধান সেনাপতি ঐ দণ্ড মকুব করিয়াছেন; তবে প্রধান সেনাপতি তাঁহাদের চাকুরী হইতে বরখাস্ত ও বাকী বেতনাদি বাজেয়াপ্ত করিবার আদেশ বাহাল রাখিয়াছেন। কারণস্বরূপ বলা হইয়াছে যে, সৈনিকের পক্ষে দলত্যাগ করিয়া রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা গুরুতর অপরাধ।

## খাদ্য উৎপাদন আলোচনা

বাঙলার গভর্ণমেণ্টের দপ্তরখানায় অনুষ্ঠিত খাদ্য উৎপাদন কমিটির এক বৈঠকে বাঙলা দেশে কি উপায়ে নানা শ্রেণীর খাদ্যের উৎপাদন বৃদ্ধি করা যাইতে পারে তৎসম্পর্কে আলোচনা করা হয়। পূর্ব্ববর্ত্তী মন্ত্রীসভার আমলে গভর্ণমেণ্টকে খাদ্য সম্পর্কে পরামর্শ দিবার জন্য সরকারী ও বেসরকারী লোক লইয়া এই কমিটি গঠিত হয়। অধিক খাদ্য উৎপাদন আন্দোলন সম্পর্কে আলোচনার পর এইরূপ প্রস্তাব করা হয় যে, বীজের অঙ্কুরোদ্গম শক্তি পরীক্ষা না করিয়া বীজ সরবরাহ করা হইবে না এবং গভর্ণমেণ্টের তত্ত্বাবধানে সমস্ত বীজের পরিমাণ বাড়াইতে হইবে। এ বৎসর আলুর বীজ সরবরাহের জন্য কি উপায় অবলম্বন করা হইয়াছে তৎসম্পর্কে কিছুক্ষণ আলোচনা চলে। কৃষি বিভাগের সেক্রেটারী মিঃ এস, বসু পরিস্থিতির এবং মহামান্য গভর্ণর বাহাদুরের নির্দ্দেশানুসারে যে সমস্ত ব্যবস্থা অবলম্বিত হইয়াছে তাহার বর্ণনা করেন। কমিটি সর্ব্বসম্মতিক্রমে এইরূপ অভিমত প্রকাশ করেন যে, বিভাগীয় তত্ত্বাবধানে ভালজাতের বীজ ধানের পরিমাণ যাহাতে বৃদ্ধি পায়, গভর্ণমেণ্টের তাহা দেখা উচিত এবং ব্যাপকভাবে সার বিতরণ ও সেচ ব্যবস্থার উন্নতি সাধন করিয়া যাহাতে ফলনের পরিমাণ বাড়াইতে পারা যায় সে বিষয়েও গভর্ণমেণ্টের মনোনিবেশ করা উচিত। পুষ্করিণীতে মাছের চাষের উন্নতিবিধান সম্পর্কে, কমিটি প্রচার কার্য্য ও গবেষণার উপর জোর দেন। বিশেষজ্ঞের অভাবে মৎস্যচাষের ব্যাপক উন্নয়নের যে বাধা বিঘ্ন রহিয়াছে ডাঃ হোরা তাহা বর্ণনা করেন। রবি শস্যের জন্য পাম্পের সাহায্যে জলসেচ, পল্লীগ্রামের জমি ও বাস্তুতে ফলের চাষ, সয়াবিনের চাষ, অতিরিক্ত খাদ্য হিসাবে মধু উৎপাদন ও আহরণ এবং দুগ্ধ সরবরাহের উন্নতিসাধন প্রভৃতি বিষয় এই বৈঠকে আলোচিত হয়।

## রেডক্রস ও ইষ্ট ইণ্ডিয়া ফাণ্ড

৩০শে নভেম্বর পর্য্যন্ত বেঙ্গল ওয়ার পারপাসেজ ফাণ্ড ও রেডক্রশ ফাণ্ডে ১,৭৯,২৪,৪২০৲ টাকা এবং ইষ্ট ইণ্ডিয়া ফাণ্ডে ৯৮,০৪,৪৮০৲ টাকা চাঁদা সংগৃহীত হইয়াছে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই ফেব্রুয়ারী ১৯৪৬

১৯৪৫ সালের ডিক্রীজারী।

১১৭৫ খাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দেং দিলমহাম্মদ সেখ দিং দাবি ১৯॥৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকান্দরা ১৯ শতকের কাত ২।৯ আঃ ১৫৲ খং ১১৪৬

১১৭৬ খাং ডিঃ ঐ দেং গোপাল মণ্ডল দিং দাবি ১১২।৩ থানা ঐ মৌজে জয়রামপুর ৭-৪০ শতকের কাত ২০৲ আঃ ১০০৲ খং ৪৪২

১১৭৭ খাং ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং রূপলাল ঘোষ দিং দাবি ১৫॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ২৫ শতকের কাত ২৻৫ আঃ ১৫৲ খং ১২০

১১৭৮ খাং ডিঃ ঐ দেং খয়িয়ত সেখ দিং দাবি ১০।৵৩ থানা ঐ মৌজে সাদপুর ৩৬ শতকের কাত ১।৴০ আঃ ১০৲

১১৭৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৶৬ থানা ঐ মৌজে চকসাদপুর ১-৬৮ শতকের কাত ৬৷৵০ আঃ ২৫৲

১১৮০ খাং ডিঃ ঐ দেং খোসমহাম্মদ বিশ্বাস দাবি ৩৪৶/৬ মৌজাদি ঐ ১-৬৬। শতকের কাত ৫/১৫ আঃ ৩৫৲ খং ৮

৫৭৪ খাং ডিঃ বিবি আমাতুন সুফিয়া দিং দেং হরেন্দ্রনারায়ণ দাস দিঃ দাবি ১৫৻৩ থানা সুতী মৌজে ফতোল্লাপুর ২০ শতকের কাত ॥৵০ আঃ ১০৲ খং ৩৮১

৫৪৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩।৵০ থানা সুতী মৌজে ফতোল্লাপুর গাঙ্গিন ঘোড়াপাখিয়া ৬৭ শতকের কাত ১৵৫ আঃ ১০৲ খং ৬৫৩

৫৪৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১॥৬ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ॥৮৶০ আঃ ১০৲ খং ৬৫২

৫৪৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮।৵০ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ৩৶৭ আঃ ১০৲ খং ৪৬১ নং ফতোল্লাপুর মৌজা ঘোড়াপাখিয়া গাঙ্গিন মৌজা ৬৫৪

১১৪১ থাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং শশীভূষণ দাস দিং দাবি ১৪৮/৯ থানা স্থতি মৌজে কিশোরপুর ১-১৯ শতকের কাত ২৫ আঃ ৫৲

১১৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮/৬ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত ২৵৬ আঃ ১৫৲ থং ২৬৯

১১২১ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ফণিভূষণ দাস দিং দাবি ৩০৮৶০ থানা সুতী মৌজে আলমপুর ৯৫ শতকের কাত ৩৮৵০ আঃ ১০৲ থং ১৭২

১১৬৫ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং ইয়ারমহাম্মদ মোমিন দিং দাবি ৬৮৵৬ থানা সুতী মৌজে শঙ্করপুর ৪১শতকের কাত ৮৶১০ আঃ ৪৲ থং ১৪৮

১১৭৩ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং স্নেহ-লতা দেবী দাবি ২৩৮৶৩ থানা স্থতি মৌজে সাদিকপুর ৩-৩৯ শতকের কাত ৫৷৬ আঃ ২০৲ থং ৬০৩।৬০৫।৬০৯ রায়ত স্থিতিবান

১১৬৪ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং গোবিন্দনাথ দাস দিং দাবি ৪০৷০ থানা সুতী মৌজে বংশবাটী ২-৫৩ শতকের কাত ১১৲ আঃ ৩০৲ থং ৯১

১১৪৪ থাং ডিঃ সেবাইত মণিমোহন চৌধুরী দেং মহেন্দ্র মণ্ডল দিং দাবি ১৭৷৶৩ থানা সুতী মৌজে পাঁচগাছিয়া ৬৬ শতকের কাত ১৬০ আঃ ১২৲ থং ৬

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত নিলামের দিন ১২ই ফেব্রুয়ারী ১৯৪৬

৬৫ মর্গেজ ডিঃ এলাহিবক্স বিশ্বাস দেং সাগর সেথ দাবি ১৫৭৮৵০ থানা সুতা মৌজে বাউরীপুনী ১৩ শতক=।২৮৵০ আঃ ১০০৲ থং ২১৮, ২১৯

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফীআদালত নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯৪৬

১৯৪৫ সালের ডিক্রীজারী

৭৯৮ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং অজিতকুমার চট্টোপাধ্যায় দিং দাবি ১০।৵৩ থানা সাগরদিঘী মৌজে থাড়ুগ্রাম ৫৩ শতকের কাত ৶৪ আঃ ৫৲ থং ৩৪৪

৭৯৯ থাং ডিঃ ঐ দেঃ সাদেমন্নেসা বিবি দিং দাবি ১৫।৵৬ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ১।৵০ আঃ ১০৲ থং ৫৬

৮০০ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুপদ সাহা দিং দাবি ১৪৮৷৩ মৌজাদি ঐ ৩-১৩ শতকের কাত ২৪৲৯ আঃ ১২৫৲ থং ২৪৭

৮০১ থাং ডিঃ ঐ দেং সুরেশকামিনী দাসী দিং দাবি ১২।৩ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ১৵০ আঃ ৮৲ থং ৩২৬

৮০২ থাং ডিঃ ঐ দেং শিবদাসী দাসী দাবি ৫৮৷৶৩ মৌজাদি ঐ ১-৩৯ শতকের কাত ৯৮১ আঃ ৫৫৲ থং ২৮১

৮০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৩ মৌজাদি ঐ ২৪ শতকের কাত ১।৶৩ আঃ ১০৲

৮০৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৭৶৯ মৌজাদি ঐ ১১৮ শতকের কাত ৫৮৯ আঃ ৩৫৲ থং ২৮৭

৮০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৫।৩ মৌজাদি ঐ ২-১৩ শতকের কাত ১৬।০ আঃ ৮৫৲ থং ২৮৫

৬৩১ থাং ডিঃ কমন ম্যানেজার গোবিন্দ চৌধুরী দিং দেং মহাদেবচন্দ্র দাস দাবি ১৪৭।৶০ থানা সাগরদিঘী মৌজে কৈয়র ৪-২৩ শতকের কাত ২৪৮৵০ আঃ ৫০৲ থং ২৯৩

৭৫৬ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং কালীপদ সাহা দিং দাবি ৯/৬ থানা সাগরদিঘী মৌজে থেরুর ১-৮৬ শতকের কাত ৮৷৶০ আঃ ৫৲ থং ২৯৫

৭৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৲৩ মৌজাদি ঐ ১-২১ শতকের কাত ৫৷৵১০ আঃ ৫৲ থং ২৭৮

৭৫৪ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং আয়সা বিবি দাবি ১৫৮/৬ থানা সাগরদিঘী মৌজে গাদী ২১ শতকের কাত ৩৲২ আঃ ১৫৲ থং ১৪

৮০৬ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং লুৎফুল সেথ দিং দাবি ৮৷৬ থানা সাগরদিঘী মৌজে দক্ষিণগ্রাম ১-৭৯ শতকের কাত ৪৮০ আঃ ৩৲ থং ১০৪

৮০৭ থাং ডিঃ ঐ দেং এজাহার সেথ দিং দাবি ৭৶৯ থানা ঐ মৌজে উদয়নগর ৬৮ শতকের কাত ২৮/০ আঃ ৩৲ থং ১১৫

৮১০ থাং ডিঃ ঐ দেং সুবেজান সেথ মৃতাস্তে হারেশ সেথ দিং দাবি ৫৯৵৯ মৌজাদি ঐ ১-৭৬ শতকের কাত ৯৲ আঃ ১৫৲ থং ১৪০ অধিনস্থ ১৪১।:৪২

৮১১ থাং ডিঃ ঐ দে· এমারত সেথ দিং দাবি ৬২৲ মৌজাদি ঐ ৩-৮৩ শতকের কাত ৯৮৵৬ আঃ ২৫৲ থং ৯৯

৮০৮ থাং ডিঃ ঐ দেং গোলাব রসুল সেথ দিং দাবি ৪৯৷৶০ থানা ঐ মৌজে গাঙ্গাড্ডা ১-৭০ শতকের কাত ৭৮৬ আঃ ১০৲ থং ৪৩৬

৮১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৩।৶০ মৌজাদি ঐ ২ ৮৯ শতকের কাত ১৩৷৶৫ আঃ ২০৲ থং ৪৩৯

৮০৯ থাং ডিঃ ঐ দেং সাহাবাণ সেথ মৃতাস্তে খতিজান বিবি দিং দাবি ৭৭।৩ মৌজাদি ঐ ২-০৪ শতকের কাত ১২।৶৩ আঃ ১৫৲ থং ৫২৩

৮১৩ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং গউস মহম্মদ সেথ দিং দাবি ১৬/৩ থানা ফরক্কা মৌজে তুলশী-পোথর ২৮১৲১১ ধুলের কাত ৩৷/৫ আঃ ১০৲ থং ৭

৮১৪ থাং ডিঃ ঐ দেং জাহান সেথ দাবি ১০।৶০ মৌজা-দি ঐ ১৪০৲৫ ধূলের কাত ১৷৵৫ আঃ ৮৲ থং ১৬

৫৬১ থাং ডিঃ ত্রিদিবেশচন্দ্র সিংহ দিং দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ৫০৪।৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ৩০৬।২৷০ জমির কাত ১০৭৷৵০ আঃ ৩৫০৲ থং ১০৩৪।৫৫৫ ১০৪৮।১০৫২ তদধীনস্থ খতিয়ান সকল মোকররী জোত ও নিষ্কর ও পেড়া মধ্যে ১৮৫।২ নং ও ২৫।২ নং খতিয়ান সকল

---

## "আজাদ হিন্দ" সাহায্য তহবিলে দান

—:০:—

কয়েক মাস পূর্ব্বে রাজবাড়ীতে নিখিল বঙ্গ শিক্ষক সম্মেলনে এখানকার অনেক বিদ্যালয়ের ছাত্রই স্থানীয় এ, ভি, স্কুলের শিক্ষক শ্রীযুক্ত বলাইচন্দ্র চট্টোপাধ্যায়ের নেতৃত্বে স্বেচ্ছাসেবকের কার্য্য করিয়াছিলেন। এই সকল স্বেচ্ছা-সেবকগণকে জলযোগ করাইবার জন্য জনৈক সদাশয় ৫০৲ টাকা প্রদান করিলে ছাত্রগণ একমত হইয়া ঐ টাকা বলাই বাবুর মারফৎ "আজাদ হিন্দ" সাহায্য তহবিলে প্রদান করিবার জন্য কলিকাতার "অমৃতবাজার" সম্পাদকের নিকট পাঠাইয়া দিয়াছেন। ছাত্রগণের এই সাধু প্রচেষ্টা সত্যই অনবদ্য।


---

(পর পৃষ্ঠা দেখুন।)


মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।




# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত